গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
পরিকল্পনা শাখা-১
www.mopme.gov.bd

নং-৩৮.০০.০০০০.০১২.১৪.০০৫.২৪-**৩৬১** তারিখঃ ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি:

**বিষয়ঃ প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা, ২০২৪ প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা, ২০২৪ অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্ত: ১৬ (ষোল) পৃষ্ঠা।**

৩১/১২/২০২৪


(মোঃ আব্দুল মালেক)
উপসচিব
ফোন: ২২৩৩৫৭২৫৬
ই-মেইল: sachf1@mopme.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিষ্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।

# প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা, ২০২৪




**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

# প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা, ২০২৪

### সূচি


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | ভূমিকা | ৩ |
| ২. | প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালার উদ্দেশ্য | ৩ |
| ৩. | প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালার প্রযোজ্যতা | ৪ |
| ৪. | শিরোনাম ও প্রবর্তন | ৪ |
| ৫. | সংজ্ঞা | ৪ |
| ৬. | প্রশিক্ষণ চাহিদা নিরুপণ এবং প্রশিক্ষণ পরিস্থিতি বিশ্লেষণ | ৫ |
| ৭. | প্রশিক্ষণ কারিকুলাম ও ম্যানুয়াল উন্নয়ন, পরিমার্জন ও মূল্যায়ন | ৫ |
| ৮. | প্রশিক্ষণ ধরন, বিষয়বস্তু, মেয়াদ ও স্থান | ৫ |
| ৯. | প্রশিক্ষণ পদ্ধতি | ৬ |
| ১০. | প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী নির্বাচন | ৬ |
| ১১. | প্রশিক্ষক প্যানেল তৈরি | ৬ |
| ১২. | প্রশিক্ষণ তথ্য ও প্রশিক্ষণ উপকরণ সংরক্ষণ | ৬ |
| ১৩. | প্রশিক্ষণ মূল্যায়ন ও সনদ প্রদান | ৭ |
| ১৪. | প্রশিক্ষণ পরিবীক্ষণ ও মূল্যায়ন | ৭ |
| ১৫. | প্রশিক্ষণের প্রভাব মূল্যায়নের গবেষণা | ৭ |
| ১৬. | প্রশিক্ষণ ধরনভিত্তিক নির্দেশনা | ৭ |
| ১৭. | ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রশিক্ষণ | ৮ |
| ১৮. | উচ্চতর প্রশিক্ষণ | ৮ |
| ১৯. | প্রারম্ভিক প্রশিক্ষণ | ৮ |
| ২০. | চাহিদাভিত্তিক প্রশিক্ষণ | ৮ |
| ২১. | প্রশিক্ষণকালীন আচরণ নির্দেশিকা | ৮ |
| ২২. | প্রশিক্ষণে অকৃতকার্য বা সাফল্যহীনতা এবং সফলভাবে সমাপ্ত না করে কর্মস্থলে প্রত্যাবর্তণ | ৮ |
| ২৩. | প্রশিক্ষকগণের প্রণোদনা | ৯ |
| ২৪. | প্রশিক্ষণার্থীগণের সুযোগ-সুবিধা | ৯ |
| ২৫. | প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীগণের সাথে প্রশিক্ষকগণের আচরণ ও সুরক্ষা | ৯ |
| ২৬. | প্রশিক্ষণে সরকারি, বেসরকারি ও উন্নয়ন সহযোগীদের অংশিদারিত্ব | ৯ |
| ২৭. | বাজেট পরিকল্পনা এবং অগ্রাধিকার নির্ধারণ | ৯ |
| ২৮. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ | ৯ |
| ২৯. | নীতিমালা পরিমার্জন | ১০ |
| ৩০. | নীতিমালার প্রাধান্য | ১০ |
| ৩১. | অস্পষ্টতা দূরীকরণ | ১০ |

# প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা, ২০২৪

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

### ১. ভূমিকা:

প্রাথমিক শিক্ষা সকল শিক্ষাস্তরের ভিত্তিমূল। শিক্ষার এই স্তরে শিক্ষার্থীর জ্ঞান, দক্ষতা, মূল্যবোধের সুসম বিকাশের উপর মাধ্যমিক স্তরের শুভ সূচনা এবং শৃঙ্খলা নির্ভর করে। শিক্ষার্থীর এই বিকাশ ও উন্নয়ন প্রক্রিয়ার মূল চালিকা শক্তি হলো মূল্যবোধসম্পন্ন দক্ষ শিক্ষক, প্রধান শিক্ষক এবং শিক্ষার্থীবান্ধব বিদ্যালয় পরিবেশ। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং দারিদ্র্য ও বেকারত্বহীন বাংলাদেশ বিনির্মানে প্রয়োজন বিশ্বমানের শিক্ষা, শিখন পরিবেশ ও প্রশিক্ষণ ব্যবস্থা। বিশ্বমানের শিক্ষা এবং শিখন-শেখানো ও মূল্যায়ন পরিবেশ বিনির্মাণে মানসম্মত ও আধুনিক প্রশিক্ষণের বিকল্প নেই। জাতীয় শিক্ষা নীতি, ২০১০ এ প্রশিক্ষণের মানোন্নয়ন, শিক্ষক তৈরিতে আধুনিক প্রশিক্ষণগত কলা-কৌশল প্রয়োগ, শিক্ষক প্রশিক্ষণের শিক্ষাক্রম আধুনিকীকরণ এবং শিক্ষক ও প্রশিক্ষকগণের পেশাদারিত্ব অর্জনের কথা উল্লেখ রয়েছে। তাছাড়া টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের ৪.৭ লক্ষ্যতে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন ও জীবন পদ্ধতি, মানবাধিকার, জেন্ডার সমতা, শান্তি ও সম্প্রীতির সংস্কৃতি বিকাশ, বিশ্ব নাগরিকত্ব এবং সাংস্কৃতিক বৈচিত্রের প্রতি সমর্থন ও সাংস্কৃতিক কার্যক্রমের অবদানসহ টেকসই উন্নয়নে সকল শিক্ষার্থীর প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন নিশ্চিত করার কথা বলা হয়েছে। জাতীয় শিক্ষা নীতি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং জাতীয় প্রাথমিক শিক্ষাক্রমের সফল বাস্তবায়নে প্রাথমিক শিক্ষায় শিক্ষকের প্যাডাগজিক্যাল ও মূল্যায়ন দক্ষতা অর্জনে ব্যাপক পরিবর্তন আনা প্রয়োজন।

প্রাথমিক শিক্ষা বাংলাদেশ সরকারের সর্ববৃহৎ শিক্ষা কার্যক্রম এবং জনবল কাঠামো। প্রাথমিক শিক্ষায় বর্তমানে ৬৫,৫৬৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৫১৩টি উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিস, ৫০৫টি উপজেলায় উপজেলা রিসোর্স সেন্টার, ৬৪টি জেলায় জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় উপপরিচালকের অফিস, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই), উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি) এবং অসংখ্য বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসকল প্রতিষ্ঠানে বিপুল সংখ্যক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী কাজ করছেন যাদের কর্মদক্ষতার উপর প্রাথমিক শিক্ষার গুণগতমান এবং উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন নির্ভর করছে।

প্রাথমিক শিক্ষায় প্রতিষ্ঠিত ভিন্ন ভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিজস্ব উদ্যোগ ও পরিচালনায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ব্যবস্থাপনা ও পরিচালনাগত দিক দিয়ে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে রয়েছে যোগাযোগ এবং কার্যগত সমন্বয়হীনতা। যা পেশাদারিত্বের মানে এক বিরাট প্রতিবন্ধকতা। তাছাড়া প্রশিক্ষণ ব্যবস্থাপনায় রয়েছে মানসম্মত প্রশিক্ষণ ম্যানুয়াল ও উপকরণের ঘাটতি। এই প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণ ধরন ও প্রশিক্ষণে বিষয়বস্তুগত দ্বৈততারোধ এবং প্রশিক্ষণে ব্যবহৃত অর্থের অপচয়রোধে প্রয়োজন একটি সমন্বিত প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা। এই প্রশিক্ষণ নীতিমালার যথাযথ প্রয়োগে প্রাথমিক শিক্ষায় সৃষ্টি হবে দক্ষ প্রশিক্ষক, পরিবীক্ষক, মেন্টর, গবেষক, মূল্যায়নকারী। তাদের যোগ্য নেতৃত্বে সৃষ্টি হবে উৎপাদনমুখী ও যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থী, আধুনিক বিদ্যালয় এবং উন্নত বাংলাদেশ। এই নীতিমালার কার্যকর বাস্তবায়নে প্রশিক্ষণে গুণগত পরিবর্তন আনয়নের মাধ্যমে নিশ্চিত হবে মানসম্মত প্রাথমিক শিক্ষা।

### ২. প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালার উদ্দেশ্য:

২.১. বিশ্ব নাগরিক (Global Citizen) সৃষ্টি এবং আন্তর্জাতিকমানের প্রশিক্ষণ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রাথমিক শিক্ষায় কার্যকর প্রশিক্ষণ ব্যবস্থাপনা গড়ে তোলার মাধ্যমে নৈতিক মূল্যবোধসম্পন্ন ও সেবা প্রদানে উদ্বুদ্ধ পেশাদার শিক্ষক, প্রশিক্ষক, পরিবীক্ষক, মূল্যায়নকারী, গবেষক ও দক্ষ প্রশাসনিক কর্মী তৈরি করা;

২.২. উন্নত বাংলাদেশের জন্য সর্বাধুনিক বিদ্যালয় বিনির্মাণে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের মাধ্যমে প্রাথমিক শিক্ষায় সকল পেশাদার কর্মীর জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি উন্নয়নে দক্ষতা প্রশিক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থাপনা গড়ে তোলা;

২.৩. প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে পেশাদারিত্ব অর্জনে যোগ্যতাভিত্তিক ফ্রেমওয়ার্ক (Competency framework) প্রতিষ্ঠার মাধ্যমে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষক এর মধ্যে যোগাযোগ উন্নয়ন করা;

২.৪. প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রশিক্ষণ পরিচালনা, বাস্তবায়ন, মূল্যায়ন ও গবেষণা কার্যক্রমে কার্যকর যোগাযোগ ও সমন্বয় প্রতিষ্ঠা করার মাধ্যমে সমন্বিত প্রশিক্ষণ কাঠামো গড়ে তোলা;

২.৫. প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ ব্যবস্থাপনায় প্রয়োগিত প্রশিক্ষণ শিক্ষাক্রম, প্রশিক্ষণ ম্যানুয়াল, রিসোর্সপুল ও গবেষণা নির্দেশিকা এবং অন্যান্য প্রশিক্ষণ উপকরণ প্রণয়ন, পরিমার্জন, পরিবর্ধন ও সংস্কার এবং এর বাস্তবায়ন ও মূল্যায়নে যথোপযুক্ত প্রক্রিয়া অনুসরণ করার মাধ্যমে প্রশিক্ষণ কার্যকর করা;

২.৬ ঝরে পড়া, অবহেলিত, সুবিধা বঞ্চিত, প্রাতিষ্ঠানিক শিক্ষা বঞ্চিত, জনগোষ্ঠীর জীবন মানের উন্নয়ন করা।

**২.ক. প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালার প্রযোজ্যতা:**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষায় উপজেলা, জেলা এবং বিভাগীয় কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ, জাতীয় প্রাথমিক শিক্ষা একডেমি, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, শিশু কল্যাণ ট্রাস্ট এবং লিডারশিপ ট্রেনিং সেন্টার এ কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষক ও কর্মচারীগণের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।

**৩. শিরোনাম ও প্রবর্তন:**

এই নীতিমালা 'প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা-২০২৪' নামে অভিহিত হবে। নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে।

**৪. সংজ্ঞা:**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এই নীতিমালায় ব্যবহৃত শব্দসমূহের ব্যাখ্যা নিম্নরূপ হবে:

ক. 'প্রশিক্ষণ' বলতে শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীগণের জন্য দেশের অভ্যন্তরে এবং দেশের বাইরে আয়োজিত সকল প্রশিক্ষণ কার্যক্রমকে বোঝাবে;

খ. 'দক্ষতা' বলতে কোনো একটি নির্দিষ্ট কাজ করার জন্য অর্জিত জ্ঞান ও কৌশল বা শিল্প ও বৃত্তির আদর্শ মান অনুযায়ী দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা মোতাবেক পণ্য ও সেবা উৎপাদনের সক্ষমতা ও সামর্থ্যকে বোঝাবে।

গ. 'প্রশিক্ষণ ধরন' বলতে বুনিয়াদি (Foundation), প্রারম্ভিক (Induction), পরিচিতিমূলক (Orientation) চাকুরীকালীন (In-service), সঞ্জীবনী (Refresher) এবং প্রতিষ্ঠান ভিন্নতায় পরিচালিত বিভিন্ন পেশাদার কর্মী ও প্রশাসনিক কর্মকর্তার জন্য যেমন, মৌলিক (Basic), ধারাবাহিক পেশাগত (Continuous Professional), উচ্চতর (Advance) চাহিদাভিত্তিক (Need Based), প্রশিক্ষকগণের প্রশিক্ষণ (TOT) ও অন্যান্য প্রশিক্ষণসমূহকে বোঝাবে;

ঘ. 'প্রশিক্ষণ পদ্ধতি' বলতে প্রশিক্ষণ কক্ষে প্রশিক্ষণ, গ্রুপ ওয়ার্ক ও শিখনফলের চাহিদা অনুযায়ী প্রয়োগিত পদ্ধতিসমূহ যেমন, আলোচনা, অভিজ্ঞতাভিত্তিক শিখন, প্রজেক্টভিত্তিক প্রদর্শন প্রভৃতি পদ্ধতিকে বোঝাবে;

ঙ. 'ব্লেন্ডেড প্রশিক্ষণ পদ্ধতি (Blended Training Method)' বলতে অনলাইন (Online) ও অফলাইন (Offline) বা ফেস টু ফেস (Face to Face) পদ্ধতিতে পরিচালিত প্রশিক্ষণকে বোঝাবে। এখানে অনলাইন বলতে ওয়েব-ভিত্তিক মাধ্যম ব্যবহার করে সম্পাদিত প্রশিক্ষণ যে ক্ষেত্রে প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ একই জায়গায় অবস্থান করেন না এরূপ প্রশিক্ষণকে বোঝাবে;

চ. 'প্রশিক্ষণ প্রতিষ্ঠান' বলতে প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণের সাথে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ যেমন, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপজেলা রিসোর্স সেন্টার, লিডারশিপ সেন্টার এবং সময়ে সময়ে নির্ধারিত প্রতিষ্ঠানকে বোঝাবে;

ছ. 'প্রশিক্ষণ সমন্বয় সেল' বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও এর নিয়ন্ত্রনাধীন স্ব স্ব প্রতিষ্ঠানে প্রশিক্ষণ সমন্বয়কের ভূমিকা বাস্তবায়নে নিয়োজিত সেলকে বোঝাবে;

জ. 'প্রশিক্ষক' বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের ২২ নভেম্বর ২০২৩ তারিখের ৩৮. ০০. ০০০০. ০১০. ২৫. ০০১.২০১৯-১৯৬ নং স্মারকমূলে প্রকাশিত (প্রাথমিক ও গণশিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল গঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩) প্রজ্ঞাপনের ৩(খ) অনুযায়ী প্রশিক্ষণার্থীগণের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে আধুনিক প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল প্রয়োগে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ পরিচালনায় সক্ষম বিশেষায়িত জ্ঞানসম্পন্ন শিক্ষক, সরকারি কর্মকর্তা ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা এবং স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানের বিশেষায়িত জ্ঞানসম্পন্ন বিশেষজ্ঞগণকে বোঝাবে।

ঝ. 'উপানুষ্ঠানিক শিক্ষা' বলতে আনুষ্ঠানিক শিক্ষার বাইরে ঝরে পড়া ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে পরিচালিত এবং পদ্ধতিগতভাবে বিন্যস্ত শিখন প্রক্রিয়া যা জীবনব্যাপী শিক্ষা পর্যন্ত বিস্তৃত;

**৫. প্রশিক্ষণ চাহিদা নিরূপণ এবং প্রশিক্ষণ পরিস্থিতি বিশ্লেষণ:**

৫.১. স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ প্রশিক্ষণের ধরন ও প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও পরিস্থিতি বিশ্লেষণ, সমীক্ষা পরিচালনা ও প্রতিবেদন প্রণয়ন করবে;

৫.২. চাহিদা ও পরিস্থিতি বিশ্লেষণ করে স্ব স্ব প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সমন্বয় সেল সমীক্ষা প্রতিবেদনে সুনির্দিষ্ট স্টেকহোল্ডার দলের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের বিষয়বস্তু ম্যাপিং ও সময়কাল নির্ধারণ করবে।

**৬. প্রশিক্ষণ কারিকুলাম ও ম্যানুয়াল উন্নয়ন, পরিমার্জন ও মূল্যায়ন:**

৬.১. প্রশিক্ষণের জন্য স্ব স্ব প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সমন্বয় সেল প্রয়োজন অনুযায়ী কারিকুলাম ও ম্যানুয়াল সময় সময়ে পরিমার্জন করবে;

৬.২. স্ব স্ব কর্তৃপক্ষ এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি বা দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রশিক্ষণ শিক্ষাক্রমের ফলপ্রসূতা এবং প্রভাব মূল্যায়ন করবে।

**৭. প্রশিক্ষণ ধরন, বিষয়বস্তু, মেয়াদ ও স্থান:**

৭.১. প্রাথমিক শিক্ষায় নিম্নবর্ণিত প্রশিক্ষণসমূহ বাস্তবায়ন করা হবেঃ

- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ [Basic Training for Primary Teachers (BTPT)/Diploma in Education (DPEd)/Certificate in Education (CNEd): ১০ মাস;
- স্ব স্ব প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বুনিয়াদী প্রশিক্ষণ (Foundation Training): ৬০দিন;
- স্ব স্ব প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য মৌলিক প্রশিক্ষণ (Basic Training): ৩০ দিন;
- পরিচিতিমূলক (Orientation): ২-১৫ দিন;
- চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ (Need Based Training): ৭-৬০ দিন;
- ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রশিক্ষণ (Continuous Professional Development Training): ৭-৬০ দিন;
- উচ্চতর প্রশিক্ষণ (Advanced Training): জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ অনুযায়ী;
- সঞ্জীবনী প্রশিক্ষণ (Refreshers' Training): ৩-৫ দিন;
- অন্যান্য প্রশিক্ষণ (Others Training): স্ব স্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্ধারিত।

৭.২. নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের কার্যক্রমের বিষয়ে প্রারম্ভিক প্রশিক্ষণ (Induction Training): ১৫দিন;

৭.৩. জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ এ বর্ণিত প্রযোজ্য প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ;

৭.৪. প্রশিক্ষকগণের জন্য ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রশিক্ষণ (Continuous Professional Development Training), প্রশিক্ষকগণের প্রশিক্ষণ (TOT) এবং চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ (Need Based Training);

৭.৫. প্রশিক্ষণের অন্যান্য ধরণ, বিষয়বস্তু ও মেয়াদ স্ব স্ব কর্তৃপক্ষ কর্তৃক বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক চাহিদা অনুযায়ী নির্ধারণ করা যাবে;

৭.৬. প্রশিক্ষণের ভেন্যু (দেশ/দেশের বাহিরে) স্ব স্ব কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

**৮. প্রশিক্ষণ পদ্ধতি:**

৮.১. সকল প্রশিক্ষণ বিষয়বস্তুর বৈশিষ্ট্যগত দিক ও কার্যকারিতা বিবেচনায় প্রয়োজন অনুসারে আকর্ষণীয় ও আধুনিক পদ্ধতি ও উপকরণ ব্যবহার করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে মিশ্র পদ্ধতি (Blended Approach) অনুশীলন করতে হবে;

৮.২. প্রশিক্ষণ কার্যকরকরণে অংশগ্রহণমূলক ও মিথস্ক্রিয়ানির্ভর পদ্ধতির (Participatory and Interactive Methods) উপর অধিক গুরুত্ব দিতে হবে।

**৯. প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী নির্বাচন:**

৯.১. 'প্রাথমিক ও গণশিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল গঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩' এর আলোকে নির্বাচিত প্রশিক্ষকগণ প্রাধান্য পাবে;

৯.২. 'প্রাথমিক ও গণশিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল গঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩' এর আলোকে কোন প্রতিষ্ঠান প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষক না পেলে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক নির্বাচন করতে পারবে;

৯.৩. প্রত্যেকটি প্রশিক্ষণে প্রাথমিক বাছাইয়ের প্রশিক্ষক তালিকা প্রণয়ন করতে হবে এবং প্রশিক্ষণ কর্মপরিকল্পনায় উপস্থাপন করে কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।;

৯.৪. প্রশিক্ষণ চাহিদা রয়েছে এমন প্রশিক্ষণার্থী নির্বাচন করে তালিকা প্রণয়নপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। প্রত্যেক শিক্ষক-কর্মচারী যেন নির্দিষ্ট সময়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করতে পারে তা নিশ্চিত করতে হবে। একই শিক্ষক/কর্মচারী যেন একই প্রশিক্ষণ একাধিকবার গ্রহণ না করে সে বিষয়ও নিশ্চিত করতে হবে।

**১০. প্রশিক্ষক প্যানেল তৈরি:**

১০.১. প্রত্যেক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের 'প্রাথমিক ও গণশিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল গঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩' এর আলোকে একটি বিষয়ভিত্তিক প্রশিক্ষক প্যানেল থাকবে;

১০.২. প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ প্রশিক্ষক ঘাটতি পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষক প্রশিক্ষণের (TOT) আয়োজন করে দক্ষ প্রশিক্ষক গড়ে তুলবে;

১০.৩. বিষয়ভিত্তিক প্রশিক্ষণের ক্ষেত্রে উক্ত বিষয়ে দক্ষ একজন শিক্ষককে যথাসম্ভব একই বিষয়ে প্রশিক্ষণের জন্য নির্বাচন করতে হবে। সেক্ষেত্রে উক্ত প্রশিক্ষকের একাডেমিক শিক্ষাগত যোগ্যতা এবং উচ্চতর প্রশিক্ষণকে যথাসম্ভব বিবেচনায় নিতে হবে;

১০.৪. চাহিদাভিত্তিক প্রশিক্ষণ (Need Based Training) এর ক্ষেত্রে বিষয়বস্তুর সঙ্গে সঙ্গতি রেখে যথাসম্ভব ভিন্ন ভিন্ন প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে।

**১১. প্রশিক্ষণ তথ্য ও প্রশিক্ষণ উপকরণ সংরক্ষণ:**

১১.১. প্রত্যেকটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রশিক্ষণের তথ্য সফটওয়ার এবং হার্ড কপিতে সংরক্ষণ করতে হবে;

১১.২. প্রশিক্ষণ সমাপ্তির ৭ দিনের মধ্যে প্রশিক্ষণের তথ্য শিক্ষক ও কর্মকর্তাগণের প্রোফাইলে অন্তর্ভূক্ত করতে হবে;

১১.৩. প্রত্যেকটি প্রশিক্ষণে ব্যবহৃত মুদ্রিত বা ফটোকপিকৃত প্রশিক্ষণ উপকরণ (ম্যানুয়াল ও অন্যান্য) পর্যায়ক্রমিকভাবে সংরক্ষণ করবে;

১১.৪ গবেষণার নিমিত্ত আইপিইএমআইএস (IPEMIS) এর তথ্য ব্যবহার করা যাবে।

**১২. প্রশিক্ষণ মূল্যায়ন ও সনদ প্রদান:**

১২.১. ৫ (পাঁচ) দিনের অধিক মেয়াদের প্রত্যেক প্রশিক্ষণ উপযুক্ত পদ্ধতি অনুসরণ করে মূল্যায়ন করতে হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সফটওয়ারভিত্তিক/মুদ্রিত প্রশিক্ষণ সনদ প্রদান করবে;

১২.২. প্রশিক্ষণে যে সকল প্রশিক্ষণার্থী অধিকতর মেধা ও দক্ষতা পরিচয় দিবে তাদেরকে সনদের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ক্রেস্ট/উদ্দীপনা পুরস্কার/প্রশংসা পত্র প্রদান করতে পারবে।

**১৩. প্রশিক্ষণ পরিবীক্ষণ ও মূল্যায়ন:**

১৩.১. প্রতিষ্ঠানভিত্তিক পরিচালিত প্রত্যেকটি প্রশিক্ষণ পরিবীক্ষণের আওতায় রাখতে হবে। এ পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য স্ব স্ব প্রতিষ্ঠানসমূহ সংযুক্ত থাকবে;

১৩.২. প্রতিষ্ঠানভিত্তিক প্রত্যেকটি প্রশিক্ষণ মূল্যায়নের আওতায় আনতে হবে এবং প্রশিক্ষণের মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে;

১৩.৩. প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদনে সুপারিশের উপর ভিত্তি করে কারিকুলামে প্রয়োজনীয় পরিমার্জন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করতে হবে;

১৩.৪. প্রশিক্ষাণার্থী এবং কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক প্রশিক্ষক মূল্যায়ন করতে হবে এবং মূল্যায়নের তথ্য সংরক্ষণ করতে হবে।

**১৪. প্রশিক্ষণের প্রভাব মূল্যায়নে গবেষণা:**

১৪.১. প্রতিষ্ঠানভিত্তিক পরিচালিত প্রত্যেকটি প্রশিক্ষণে সংশ্লিষ্ট অংশীজনের চাহিদা পূরণ এবং গুণগত পরিবর্তনের উপর মূল্যায়ন গবেষণা পরিচালনা করতে হবে;

১৪.২. প্রাথমিক শিক্ষায় প্রণীত ও অনুমোদিত গবেষণা নীতিমালা বা গাইডলাইনের অথবা স্বীকৃত কোন গবেষণা নীতিমালার নিয়ম-নীতির উপর ভিত্তি করে এই মূল্যায়ন গবেষণা পরিচালনা করতে হবে;

১৪.৩. প্রশিক্ষণ ঘাটতি চিহ্নিতকরণের লক্ষ্যে প্রশিক্ষণ মূল্যায়ন গবেষণার প্রতিবেদন প্রচার ও বিস্তরণ করতে হবে;

১৪.৪. প্রশিক্ষণ মূল্যায়ন গবেষণায় সন্নিবেশিত সুপারিশ অনুযায়ী প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

১৪.৫ প্রশিক্ষণে প্রভাব মূল্যায়নে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) গবেষণা কার্যক্রম পরিচালনা করবে।

**১৫. প্রশিক্ষণ ধরনভিত্তিক নির্দেশনা:**

১৫.১. প্রাথমিক শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ (Basic Training for Primary Teachers):

- নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের এই প্রশিক্ষণ যতদূর সম্ভব ৪ বছরের মধ্যে শেষ করতে হবে। আত্তীকৃত শিক্ষকগণের ক্ষেত্রে প্রশিক্ষণার্থী শিক্ষকের সর্বোচ্চ বয়সসীমা ৫৫ বছর হবে। এই প্রশিক্ষণ চাকরী স্থায়ীকরণের অন্যতম অনুষঙ্গ হিসেবে বিবেচিত হবে;
- প্রশিক্ষণ চলাকালীন প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই) এ অত্যাবশ্যকীয়ভাবে অবস্থান করতে হবে;
- মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনে প্রশিক্ষণার্থীর বয়সসীমা, প্রশিক্ষণের মেয়াদ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে।

**১৫.২. ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রশিক্ষণ (Continuous Professional Development Training):**

- কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত প্রশিক্ষণার্থীগণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে প্রশিক্ষণ গ্রহণ করবে;
- এই প্রশিক্ষণের বিষয়গত দিক ব্যাপক ও বিস্তৃত। এটি শিক্ষাক্রম, শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল, গাঠনিক ও সামষ্টিক মূল্যায়ন, পেশাগত সম্পর্ক স্থাপন, মনিটরিং ও মেন্টরিং, মূল্যায়ন ব্যবস্থাপনা, অভীক্ষা পদ ও পত্র প্রণয়ন কলা-কৌশল, পরিকল্পনা প্রণয়ন, লিডারশিপ, বাজেট ব্যবস্থাপনা, আইসিটি দক্ষতা অনুশীলনসহ অন্যান্য বিষয়ভিত্তিক হতে পারে;
- এই প্রশিক্ষণ ধরনেও মেয়াদ ভিন্ন ভিন্ন হবে। তবে বৈশিষ্ট্যের বিচারে এই প্রশিক্ষণটি যথাসম্ভব স্বল্প মেয়াদী হবে;
- সকল পর্যায়ের মৌলিক/বুনিয়াদী প্রশিক্ষণ সমাপ্ত পরবর্তী পেশাগত দক্ষতার ঘাটতি পরিলক্ষিত হলে এই প্রশিক্ষণ চাহিদাভিত্তিক প্রদান করা হবে।

**১৫.৩. উচ্চতর প্রশিক্ষণ (Advanced Training):**

- প্রাথমিক শিক্ষায় উচ্চতর প্রশিক্ষণ হলো দেশের অভ্যন্তরে বা দেশের বাইরে বিশেষায়িত প্রশিক্ষণ। এই প্রশিক্ষণটি একটি নির্দিষ্ট সময়ব্যাপী বিশেষায়িত ধারাবাহিক প্রশিক্ষণের দ্বিতীয় পর্যায় বা সম্পূর্ণ নতুন বিষয়েও হতে পারে, যা দেশের অভ্যন্তরে অথবা একটি পর্যায় দেশের অভ্যন্তরে আবার আরেকটি পর্যায় দেশের বাইরে হতে পারে;
- শিক্ষাক্রম উন্নয়ন, টেক্সটবুক উন্নয়ন, অভীক্ষা পদ প্রণয়ন ও বিশ্লেষণ, প্রশিক্ষণ ম্যাটিরিয়াল প্রণয়ন, শিক্ষকমান নির্ধারণ ও মূল্যায়ন প্রভৃতি নতুন প্রকৃতির প্রশিক্ষণে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হবে;
- এই ধরনের প্রশিক্ষণে প্রাথমিক শিক্ষায় সেবা বিবেচনায় প্রশিক্ষণার্থীর বয়স জন প্রশাসন মন্ত্রণালয়ের "জন প্রশাসন প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষা নীতিমালা, ২০২৩" এর আলোকে নির্ধারিত হবে;
- এই প্রশিক্ষণের সময় এবং ভেন্যু সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

**১৫.৪. প্রারম্ভিক প্রশিক্ষণ (Induction):**

- প্রাথমিক শিক্ষায় কোনো কর্মকর্তা/কর্মচারী (শিক্ষক ব্যতীত) নতুন কর্মস্থলে নিয়োগপ্রাপ্তি বা বদলির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের কার্যক্রমের বিষয়ে আবশ্যিকভাবে প্রশিক্ষণের আয়োজন করবে;
- এই ধরনের প্রশিক্ষণের মেয়াদ ১৫ দিন হবে এবং এটি কর্মক্ষেত্রে বা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে আয়োজন করা যাবে;
- এই প্রশিক্ষণ ফেস টু ফেস (face to face) বা অনলাইনে (online) বা ব্লেন্ডেড এপ্রোচে (Blended Approach) আয়োজন করা যাবে।

**১৫.৫. চাহিদাভিত্তিক প্রশিক্ষণ (Need Based Training):**

- এই প্রশিক্ষণ প্রশিক্ষণার্থীর পেশাগত ঘাটতি পূরণে প্রয়োজনে এক বা একাধিকবার প্রদান করা যাবে;
- প্রাথমিক শিক্ষায় কোনো কার্যক্রম বাস্তবায়নে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর বিশেষ কোনো চাহিদার ভিত্তিতে এই প্রশিক্ষণ আয়োজন করা যাবে;
- এই প্রশিক্ষণের সময়কাল সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

**১৬. প্রশিক্ষণকালীন আচরণ নির্দেশিকা:**

১৬.১. প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত আচরণ নির্দেশিকা প্রতিপালনপূর্বক প্রশিক্ষণ সম্পন্ন করবেন;

১৬.২. প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী আচরণ নির্দেশিকা প্রতিপালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রশিক্ষণে অকৃতকার্যতা, প্রশিক্ষণ হতে অব্যাহতি এবং প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৭. প্রশিক্ষণে অকৃতকার্য বা সাফল্যহীনতা এবং সফলভাবে সমাপ্ত না করে কর্মস্থলে প্রত্যাবর্তন:**

কোনো প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অকৃতকার্য বা সফল না হলে বা প্রশিক্ষণ সমাপ্ত না করে প্রতিষ্ঠান ত্যাগ করলে এই অকৃতকার্যতার প্রকৃত কারণ সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে উদঘাটন করতে হবে। প্রকৃত কারণ উদঘাটনের পর সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

## ১৮. প্রশিক্ষকগণের প্রণোদনা:

প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত প্রশিক্ষকগণের প্রণোদনার ক্ষেত্রে এই নীতিমালা 'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩' এর ৪৪ অনুচ্ছেদ এর বিধান অনুযায়ী নিম্নরূপ প্রণোদনা প্রদান করা যেতে পারে:

(ক) বৈদেশিক প্রশিক্ষণ: বৈদেশিক প্রশিক্ষণে মনোনয়ন প্রাপ্তির ক্ষেত্রে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত প্রশিক্ষকগণ অগ্রাধিকার পাবেন। প্রয়োজনে কর্তৃপক্ষ প্রশিক্ষকগণের মানোন্নয়নে বিশেষায়িত প্রশিক্ষণের আয়োজন করবে।

(খ) কর্মজীবনে উৎকর্ষতা: প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকালকে কর্মজীবনের উৎকর্ষতার পরিচায়ক হিসেবে গণ্য করা হবে।

(গ) বিশেষ সম্মানী ভাতা: সরকারের অনুমোদনক্রমে প্রশিক্ষকগণকে বিশেষ সম্মানী ভাতা প্রদান করা যাবে।

## ১৯. প্রশিক্ষণার্থীগণের সুযোগ-সুবিধা:

প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রচলিত এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান অনুসারে সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

## ২০. প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীগণের সাথে প্রশিক্ষকগণের আচরণ ও সুরক্ষা:

২০.১. প্রতিবন্ধিতা রয়েছে এমন ক্ষেত্রে প্রশিক্ষণার্থীর সাথে প্রশিক্ষকের সম্পর্ক হবে সৌহাদ্যপূর্ণ ও সহযোগিতামূলক;

২০.২. প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীর জন্য তাঁর উপযোগী কক্ষ বরাদ্দসহ প্রয়োজনীয় সকল সুবিধাদি প্রদান করতে হবে।

## ২১. প্রশিক্ষণে সরকারি, বেসরকারি ও উন্নয়ন সহযোগীগণের অংশিদারিত্ব:

প্রাথমিক শিক্ষায় প্রতিষ্ঠানভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসূকরণে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বেসরকারি ও উন্নয়ন সহযোগীগণের সাথে আর্থিক, প্রযুক্তিগত এবং কারিগরি অংশিদারিত্ব স্থাপন করতে পারবে এবং প্রয়োজনে এ সকল প্রতিষ্ঠানের সার্বিক সহযোগিতা গ্রহণ করতে পারবে।

## ২২. বাজেট পরিকল্পনা এবং অগ্রাধিকার নির্ধারণ:

২২.১. প্রশিক্ষণ ব্যবস্থাপনায় রাজস্ব ও উন্নয়ন বাজেটে সমন্বিত বাজেট পরিকল্পনার পাশাপাশি প্রশিক্ষণ প্রতিষ্ঠানভিত্তিক বাজেট প্রণয়ন এবং তা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;

২২.২. প্রতিষ্ঠানভিত্তিক বাজেট পরিকল্পনা বাস্তবায়নে প্রশিক্ষণ কার্যক্রমকে অগ্রাধিকার হিসেবে বিবেচনায় নিতে হবে।

## ২৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ:

২৩.১. প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা-২০২৪ বাস্তবায়নে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (বিএনএফই), লীডারশীপ প্রশিক্ষণ সেন্টার (এলটিসি), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিশু কল্যাণ ট্রাস্ট (এসকেটি), উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি), প্রাথমিক শিক্ষায় বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয় এবং প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব আইন/বিধি-বিধান অনুযায়ী তাদের সংশ্লিষ্ট সমন্বয় সেলের সাথে সমন্বয় এবং পরামর্শক্রমে প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে। প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা-২০২৪ এ অন্তর্ভুক্ত করার জন্য জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) কর্তৃক পরিচালিত প্রশিক্ষণের তালিকা **(পরিশিষ্ট-ক)**, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণের তালিকা **(পরিশিষ্ট-খ)**, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত প্রশিক্ষণের তালিকা **(পরিশিষ্ট-গ)**।

২৩.২. স্ব স্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সমন্বয় সেল প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পরামর্শ গ্রহণ করবে;

২৩.৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহ এই নীতিমালা প্রণীত হওয়ার সময় যে সকল প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করত তা চলমান রাখবে। এক্ষেত্রে কোন পরিবর্তন, পরিমার্জন ও সংস্কার প্রয়োজন হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পরামর্শ গ্রহণ করবে;

২৩.৪. প্রচলিত প্রশিক্ষণের বাইরে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ, বেসরকারি প্রতিষ্ঠান, দাতা সংস্থা বা অন্য যে কোন সংস্থা কর্তৃক প্রশিক্ষণ পরিচালনার জন্য নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানসমূহ আবশ্যিকভাবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করবে।

**২৪. নীতিমালা পরিমার্জন:**

সময় ও চাহিদার প্রেক্ষিতে প্রশিক্ষণের ফলপ্রসূতা ও প্রভাব নির্ণয় করে প্রয়োজনে এ নীতিমালা পরিমার্জন করা যাবে।

**২৫. নীতিমালার প্রাধান্য:**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও এর নিয়ন্ত্রনাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ পরিচালনার জন্য ইতঃপূর্বে জারিকৃত কোনো নীতিমালা/পরিপত্র/অফিস স্মারক/অফিস আদেশ বা অনুরূপ কিছু প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন নীতিমালা-২০২৪ এর সঙ্গে সাংঘর্ষিক হলে এই নীতিমালা প্রাধান্য পাবে।

**২৬. অস্পষ্টতা দূরীকরণ:**

এই নীতিমালা বাস্তবায়নে কোনোরূপ জটিলতা পরিলক্ষিত হলে অথবা নীতিমালার কোনো অংশ স্পষ্টীকরণের প্রয়োজন হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান ও ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৩১/১২/২০২৪

ফরিদ আহাম্মদ
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

পরিশিষ্ট-ক

## জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহ:

বর্তমানে নেপ পাঁচ (০৫) ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে:

| প্রশিক্ষণের ধরণ | প্রশিক্ষণ শিরোনাম | প্রশিক্ষণার্থী | সময়কাল |
|---|---|---|---|
| **ক) কোর প্রশিক্ষণ** | ১. বুনিয়াদি (Foundation) প্রশিক্ষণ | ৯ গ্রেডের কর্মকর্তাগণ:<br>• পিটিআই ইন্সট্রাক্টর<br>• উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• ইন্সট্রাক্টর, ইউআরসি<br>• সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক ব্যুরো এবং শিশু কল্যাণ ট্রাস্ট | ৬০ দিন |
| | ২. মৌলিক (Basic) প্রশিক্ষণ | ১০ গ্রেডের কর্মকর্তাগণ:<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• সহকারী ইন্সট্রাক্টর, ইউআরসি<br>• পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক | ৩০ দিন |
| | ৩. প্রারম্ভিক (Induction) প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• উপজেলা প্রাথমিক শিক্ষা প্রাথমিক অফিসার<br>• ইন্সট্রাক্টর, ইউআরসি<br>• সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক ব্যুরো এবং শিশু কল্যাণ ট্রাস্ট<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• সহকারী ইন্সট্রাক্টর, ইউআরসি<br>• পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক | ১৫ দিন |
| | ৪. পরিচিতিমূলক (Orientation) প্রশিক্ষণ | ১১তম এবং ১০ গ্রেডের কর্মকর্তাগণ:<br>• প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>• সহকারি প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১৫দিন |
| | ৫. সহকারী শিক্ষকগণের জন্য মৌলিক (Basic)/ডিপিএড/সি-ইন-এড/যে কোনো দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ | • সহকারী শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয় এই প্রশিক্ষণ পিটিআই এর মাধ্যমে নেপ কর্তৃক পরিচালিত হয়। | ১০-১২ মাস |
| **খ) সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ** | ১. শিশু শিক্ষণ বিজ্ঞান (Pedagogy) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৫দিন |
| | ২. গবেষণা পদ্ধতি (Research Methodology) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ১০ দিন |
| | ৩. মেন্টরিং (Mentoring), পরিবীক্ষণ (Monitoring) এবং তত্ত্বাবধান (Supervision) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৫ দিন |
| | ৪. ২১শতকের বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৫ দিন |
| | ৫. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ৬. প্রশিক্ষণ ব্যবস্থাপনা (Training Management) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৫ দিন |
| | ৭. গ্রিন এডুকেশন (Green Education) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৫ দিন |
| | ৮. বিশ্ব নাগরিক শিক্ষা (Global Citizenship Education) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |

| | | | |
|---|---|---|---|
| | ৯. মূল্যায়ন সাক্ষরতা (Assessment Literacy) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৭ দিন |
| | ১০. অভীক্ষাপদ উন্নয়ন (Test Item Development) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• শিক্ষক | ৭ দিন |
| | ১১. এডুকেশন টেকনোলজি টুলস (Education Technology Tools) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষা মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৫ দিন |
| | ১২. অফিস ব্যবস্থাপনা (Office Management) বিষয়ক প্রশিক্ষণ | • জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• সুপারিনটেন্ডন্ট, পিটিআই<br>• এডিপিইও, সহকারী সুপারিনটেনডেন্ট (পিটিআই)<br>• উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• ইন্সট্রাক্টর, ইউআরসি | ৫ দিন |
| | ১৩. প্রারম্ভিক শৈশব শিক্ষা (Early Childhood Education) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ১৪. দূর এবং ভার্চুয়াল কার্য পরিচালনা (Remote and Virtual Work) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৫ দিন |
| | ১৫. জরুরি পরিস্থিতিতে শিক্ষা (Education in Emergency-EiE) বিষয়ক প্রশিক্ষণ | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ১৬. সরকারি ক্রয় এবং আর্থিক ব্যবস্থাপনা (Public Procurement and Financial Management) বিষয়ক প্রশিক্ষণ | • জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• সুপারিন্টেন্ডেন্ট, পিটিআই<br>• উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• ইন্সট্রাক্টর, ইউআরসি | ৫ দিন |
| **গ) দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ** | ১. শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা (Teaching-Learning Activities) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৭ দিন |
| | ২. বার্ষিক কর্মপরিকল্পনা (Annual Work plan Preparation) বিষয়ক প্রশিক্ষণ | • সুপারিনটেনডেন্ট, পিটিআই | ৩ দিন |
| | ৩. দক্ষতা বৃদ্ধি (Skill Development) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ৪. ডিজিটাল টেকনোলজি (Digital Technology) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৭ দিন |
| | ৫. কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence (AI) in Teaching-learning) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ৬. ২১শতকের সফট স্কিল (Soft Skill Development) উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৭ দিন |

| | | | |
|---|---|---|---|
| | ৭. Adapting e-tools in Teaching-Learning Activities বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ৮. অভিভাষণ (Public Speaking) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৩ দিন |
| | ৯. দল গঠন এবং সহযোগিতা (Team Building and Collaboration) বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ১০. তথ্য উপস্থাপন (Data Visualization) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ১১. ডিজিটাল কন্টেন্ট উন্নয়ন (Digital Content Development) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| **ঘ) সঞ্জীবনী প্রশিক্ষণ** | ১. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• এ তালিকার 'কোর প্রশিক্ষণ'-এর আওতায় ৫নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণের ক্ষেত্রে প্রতিটি পিটিআই-এর প্রথম ১০টি স্থান অধিকারী প্রশিক্ষণার্থী | ৭ দিন |
| | ২. সফলতার গল্প (Sharing Success Stories) বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ৩. মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ (Ensuring Quality Primary Education) বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ৪. বার্ষিক গোপনীয় অনুবেদন (Annual Confidential Report) এবং সামাজিক যোগাযোগ মাধ্যম (Social Media) বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক<br>• কম্পিউটার অপারেটর, প্রাথমিক শিক্ষা | ৫ দিন |
| | ৬. সুশাসন (Good Governance) এবং ডেল্টা প্ল্যান (Delta Plan) বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ৭. একীভূত শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ৮. প্রাক-প্রাথমিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ৯. পেডাগোজিক্যাল দক্ষতা এবং কৌশল (Pedagogical Skills and Strategies) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর | ৫ দিন |

| | | | |
|---|---|---|---|
| | | • সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | |
| | ১০. শ্রেণি ব্যবস্থাপনা এবং আচরণ ব্যবস্থাপনা (Classroom and Behaviour Management) বিষয়ক প্রশিক্ষণ | • পিটিআই ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ৫ দিন |
| | ১১. সময় এবং স্ট্রেস ব্যবস্থাপনা (Time and Stress Management) বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| | ১২. সাইবার সিকিউরিটি (Cybersecurity) বিষয়ক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | ৩ দিন |
| **৬) চাহিদাভিত্তিক প্রশিক্ষণ** | • প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, শিশু কল্যাণ ট্রাস্ট এর চাহিদা মোতাবেক প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন<br>• প্রাথমিক শিক্ষার অংশীজনদের চাহিদা বিশ্লেষণ (Need Analysis) করে নতুন প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | |

**পরিশিষ্ট-খ**

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহের তালিকা:

| প্রশিক্ষণের ধরণ | প্রশিক্ষণ শিরোনাম | প্রশিক্ষণার্থী | সময়কাল |
|---|---|---|---|
| **ক) মৌলিক প্রশিক্ষণ** | ১.পরিমার্জিত ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (বিটিপিটি) প্রশিক্ষণ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ১০ মাস |
| **খ) ধারাবাহিক পেশাগত উন্নয়ন (সিপিডি) প্রশিক্ষণ** | ১. নব-নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের ইনডাকশন প্রশিক্ষণ | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ১০ দিন |
| | ২. প্রাক-প্রাথমিক শিক্ষকগণের ইনডাকশন প্রশিক্ষণ | | |
| | ৩. প্রধান শিক্ষকদের লিডারশীপ প্রশিক্ষণ | প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | ১৪ দিন |
| | ৪. আইসিটি ইন এডুকেশন ট্রেনিং | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও প্রাথমিক শিক্ষার কর্মকর্তা | ১৪ দিন |
| | ৫. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ বাংলা | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ৬. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ইংরেজি | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ৭. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ গণিত | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ৮. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রাথমিক বিজ্ঞান | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ৯. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ বাংলাদেশ ও বিশ্বপরিচয় | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ১০. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ শারীরিক শিক্ষা | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ১১. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ চারু ও কারুকলা | • সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ১২. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ সংগীত | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৬ দিন |
| | ১৩. সিস্টেমেটিক ইংলিশ (বৃটিশ কাউন্সিল) | • সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা | ৯৮ দিন |
| | ১৪. নিড বেসড সাব-ক্লাষ্টার প্রশিক্ষণ | • প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ | ১ দিন |
| | ১৫. কারিকুলাম ডেসিমিনিশন ট্রেনিং | প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল শিক্ষক-কর্মকর্তা | ৩ দিন |
| | ১৬. কম্পিটেন্সি বেসড আইটেম ডেভেলপমেন্ট এন্ড টেষ্ট এডমিনিষ্ট্রেশন প্রশিক্ষণ | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক | ৩ দিন |
| | ১৭. এইউইও গণের একাডেমিক সুপারভিশন প্রশিক্ষণ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার | ১৪ দিন |
| **গ) উচ্চতর প্রশিক্ষণ** | ১. বৈদেশিক মাষ্টার্স কোর্স | • সুপারিনটেনডেন্ট, পিটিআই<br>• সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই<br>• পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক | ১ বছর |
| | ২. বৈদেশিক প্রশিক্ষণ/ভ্রমন | • সুপারিনটেনডেন্ট, পিটিআই<br>• সহকারী সুপারিনটেনডেন্ট, পিটিআই<br>• পিটিআই ইন্সট্রাক্টর<br>• ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর<br>• সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল শিক্ষক<br>• প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গ | ৭ দিন |
| **ঘ) চাহিদাভিত্তিক প্রশিক্ষণ** | • প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের চাহিদা মোতাবেক প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন<br>• প্রাথমিক শিক্ষার অংশীজনদের চাহিদা বিশ্লেষণ (Need Analysis) করে নতুন প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন | • প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের সকল অংশীজন | |

**পরিশিষ্ট-গ**

## উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ সমূহ:

| ক্রমিক | গ্রেড | বিষয় | দিন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ১০-২০ গ্রেড | সরকারি কর্মচারীদের চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ | ৬০ জনঘন্টা | এপিএ এর কর্ম পরিকল্পনা মোতাবেক |
| ০২ | নবম বা তদুর্ধ্ব কর্মকর্তাদের প্রশিক্ষণ | ইস্যু ভিত্তিক প্রশিক্ষণ | ৬টি বিষয়ে | ইন হাউজ |
| ০৩ | ৯ম গ্রেড | "Diploma in Project Planning, Development and Management (DPPDM 17th Batch) শীর্ষক প্রশিক্ষণ | ৩ মাস ব্যাপী | জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি |
| ০৪ | ৯ম গ্রেড | বিভিন্ন কোর্সের উপর প্রশিক্ষণ | ০২ মাস ব্যাপী | জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি |
| ০৫ | বেসরকারি সংস্থা (আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি) | জেলা মনিটরিং কর্মকর্তা, উপজেলা মনিটরিং কর্মকর্তা, সুপারভাইজার এবং শিক্ষক | বুনিয়াদী প্রশিক্ষণ (১০ দিন ব্যাপী | আইইআর |
| ০৬ | দক্ষতা উন্নয়ন কর্মসূচি | প্রশিক্ষক ও ১৪-১৮ বছরের ঝরে পড়া শিক্ষার্থী ৭ম শ্রেণিতে উত্তীর্ণ। NEET (Not in Education Employment & Training) | ৩৬০ ঘন্টা প্রিভোক ১০০ ঘন্টা সাক্ষরতা | স্কিলফো |